

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০২৮.৮৬- ৩৬৯

তারিখ : ২৭/১১/১৭ খ্রিঃ।

বিষয়ঃ জনাব এ কে এম জহিরুল ইসলাম, অবসরপ্রাপ্ত ডাটা এন্ট্রি অপারেটর-এর পেনশন কেইস নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্রঃ ৩৪.০১.৭৭০০.০০০.১৩.১৬১.১৪-১৬৬, তারিখ: ০৭-১১-২০১৭খ্রিঃ।

যুব উন্নয়ন অধিদপ্তরধীন পঞ্চগড় জেলা কার্যালয়ের অবসরপ্রাপ্ত ডাটা এন্ট্রি অপারেটর জনাব এ কে এম জহিরুল ইসলাম-এর পেনশন মঞ্জুরীর আবেদন সূত্রোল্লিখিত পত্র মারফত পাওয়া যায়। তার চাকুরি বহি পরীক্ষান্তে দেখা যায় যে, তিনি এ অধিদপ্তরের উন্নয়ন প্রকল্পের চাকুরিতে ১১-১২-১৯৮৫খ্রিঃ তারিখে যোগদান করেন। তার উন্নয়ন ও রাজস্বখাতের চাকুরিকাল গণনা করে ১ম, ২য় ও ৩য় টাইমস্কেল অনুযায়ী বেতন নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, তার চাকুরি ০১-০৭-১৯৯৫খ্রিঃ তারিখ হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত হয়। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৫-১২-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি(বাস্ত-৪)/বিবিধ-২০/(উঃস্কেল)/২০০৭/৯১ সংখ্যক আদেশ(কপি সংযুক্ত) অনুযায়ী শুধুমাত্র রাজস্বখাতের চাকুরিকাল গণনা করে প্রাপ্ত টাইমস্কেলের ভিত্তিতে মূল বেতন পুনঃনির্ধারণ করা আবশ্যিক। উন্নয়ন প্রকল্প ও রাজস্বখাতের চাকুরিকাল গণনা করে বেতন নির্ধারণ করায় পেনশন কেইসটি নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

এমতাবস্থায়, জনাব এ কে এম জহিরুল ইসলাম-এর পেনশন কেইস নিষ্পত্তির সুবিধার্থে শুধুমাত্র রাজস্বখাতে স্থানান্তরের তারিখ ০১-০৭-১৯৯৫খ্রিঃ থেকে চাকুরিকাল গণনা করে প্রাপ্ত টাইমস্কেল মঞ্জুরীর আদেশ অনুযায়ী অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখের মূল বেতন পুনঃনির্ধারণ করে সংশোধিত পেনশন মঞ্জুরীর প্রয়োজনীয় কাগজপত্র(সংশোধিত ইএলপিসিসহ) প্রেরণ করার জন্য অনুরোধ হলো।

সংযুক্তি: ১ : মূল চাকুরি বহি

২। অর্থ মন্ত্রণালয়ের ৯১ সংখ্যক পত্র।



(শিশির কুমার রায়)

যুগ্ম-সচিব

পরিচালক(প্রশাসন ও অর্থ)

ফোনঃ ৯৫৫০৮৬৩।

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

পঞ্চগড়।

অনুলিপিঃ-

- ১। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। জেলা হিসাব রক্ষণ অফিসার, পঞ্চগড়।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪। জনাব এ কে এম জহিরুল ইসলাম, গ্রাম: কাদিরপুর, ডাক: কামালপুর, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ।